ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## পোস্ট ডক্টরাল গবেষণা ও ফেলোশিপ সংক্রান্ত প্রস্তাবিত নীতিমালা

### ১. সংজ্ঞা

ক) পিএইচডি ডিগ্রি অর্জনের পর বাংলাদেশ সংক্রান্ত নতুন কোনো গবেষণা সম্পাদনের লক্ষ্যে কোনো ব্যক্তি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (অতঃপর আইবিএস)-এর ফেলো হিসেবে সংশ্লিষ্ট বা ভর্তি হলে তাঁকে এই প্রতিষ্ঠানের পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে অভিহিত করা হবে।

খ) পোস্ট ডক্টরাল ফেলো নিজ তত্ত্বাবধানে গবেষণা করবেন। তবে আইবিএস-এর কোন প্রফেসরের সঙ্গে সংশ্লিষ্ট থাকবেন। গবেষণাকর্মের অতিরিক্ত কাজ (৭ নং অনুচ্ছেদে উল্লিখিত) হিসেবে এই প্রতিষ্ঠানের শিক্ষাদান এবং গবেষণা কর্মকাণ্ডে অংশগ্রহণ করবেন।

### ২. যোগ্যতা

ক) পিএইচডি ডিগ্রি প্রাপ্ত দেশের অথবা দেশের বাইরের যে কোনো ব্যক্তি উচ্চতর গবেষণার লক্ষ্যে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন।

খ) আবেদনকারীর গবেষণা-প্রস্তাব অবশ্যই বাংলাদেশ সংক্রান্ত হতে হবে।

গ) আবেদনকারীর আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জার্নাল বা প্রতিষ্ঠান থেকে কমপক্ষে তিনটি প্রকাশিত গবেষণা-প্রবন্ধ অথবা একটি প্রকাশিত গবেষণা গ্রন্থ থাকতে হবে।

ঘ) আবেদনকারী যদি কোনো প্রতিষ্ঠানে চাকরিরত হন, তাহলে ফেলোশিপ প্রাপ্তির সময়কালীন উক্ত প্রতিষ্ঠান থেকে তাঁর ছুটি অথবা প্রেষণ বাধ্যতামূলক হবে।

### ৩. পদমর্যাদা

ফেলোশিপপ্রাপ্ত পোস্ট ডক্টরাল ফেলো আইবিএস-এর সহযোগী ফ্যাকাল্টি সদস্য হিসেবে বিবেচিত হবেন।

তবে তিনি ইনস্টিটিউটের কোনো নির্বাহী কমিটি বা বোর্ড, যেমন ইনস্টিটিউট কমিটি, বোর্ড অব স্টাডিজ বা বোর্ড অব গভর্নরস ইত্যাদির সদস্য হতে পারবেন না।

### ৪. মেয়াদ

ক) পোস্ট ডক্টরাল গবেষণার মেয়াদ হবে সাধারণত ৬ থেকে ১২ মাস।

খ) গবেষণাকর্মের অথবা ইনস্টিটিউটের স্বার্থে প্রয়োজন অনুভূত হলে এই মেয়াদ ৬ মাস করে সর্বোচ্চ ২ বার অর্থাৎ ১২ মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে। এই ফেলোশিপ কোনো অবস্থাতেই সর্বমোট ২৪ মাসের বেশি হবে না।

### ৫. আর্থিক ও অন্যান্য সুবিধা

ক) একজন পোস্ট ডক্টরাল (ফেলো ইউজিসির অনুরুপ হারে মাসিক ফেলোশিপ পাবেন)।

খ) সংস্থান সাপেক্ষে আইবিএস কর্তৃপক্ষ উক্ত ফেলোকে আইবিএস হোস্টেলের নিয়ম অনুযায়ী আবাসিক সুবিধা প্রদান করবেন।

গ) পোস্ট ডক্টরাল গবেষণার ক্ষেত্রসমীক্ষা, গবেষণাপত্র রচনা ইত্যাদির জন্য পোস্ট ডক্টরাল ফেলোকে আইবিএস-এর পক্ষ থেকে সর্বোচ্চ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা যাবে।

ঘ) একজন পোস্ট ডক্টরাল ফেলো আইবিএস এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যসেবা, বাস সার্ভিস, গ্রন্থাগার-ব্যবহার এবং কম্পিউটার-কেন্দ্র ব্যবহারের সুবিধা পাবেন।

### ৬. নিয়োগ প্রক্রিয়া

ক) যোগ্য প্রার্থী পাওয়া গেলে এবং অর্থসংস্থান সাপেক্ষে আইবিএস-এর অধিভুক্ত বিষয়গুলোর মধ্য থেকে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ দুইটি ফেলোশিপ প্রদান করা যাবে।

খ) প্রতি বছর নির্দিষ্ট সময়ে পোস্ট ডক্টরাল গবেষণার জন্য গবেষণা-প্রস্তাবসহ ভর্তির আবেদন আহ্বান করা হবে।

গ) আইবিএস-এর ইনস্টিটিউট কমিটি কর্তৃক আবেদনপত্র বাছাই করার পরে যোগ্য প্রার্থীদের আবেদন ও গবেষণা-প্রস্তাব সংশ্লিষ্ট বিষয়ের কমপক্ষে দুইজন বিশেষজ্ঞ ব্যক্তির নিকট মূল্যায়নের জন্য পাঠানো হবে।

ঘ) বিশেষজ্ঞ-মূল্যায়ন বিবেচনায় রেখে ইনস্টিটিউট কমিটি চূড়ান্ত মনোনয়নের সুপারিশ করবে। বোর্ড অব স্টাডিজ এবং বোর্ড অব গভর্নরস-এর অনুমোদনক্রমে আইবিএস-এর পরিচালক উক্ত সুপারিশ বাস্তবায়ন করবেন।

ঙ) অন্য কোনো প্রতিষ্ঠান থেকে ফেলোশিপ প্রাপ্ত এবং প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন গবেষকগণও আইবিএস-এ পোস্ট ডক্টরাল গবেষণার জন্য বিবেচিত হবেন। সেক্ষেত্রে এই গবেষকগণ আইবিএস-এর আর্থিক সহায়তা প্রাপ্ত দুইজনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবেন।

চ) আইবিএস-এর ফেলোশিপপ্রাপ্ত গবেষককে আইবিএস-এর সঙ্গে একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

**৭. কর্মপরিধি**

ক) একজন পোস্ট ডক্টরাল ফেলোর প্রধান কাজ হবে নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত গবেষণাকর্ম সম্পন্ন করা। তিনি কমপক্ষে দুইটি সেমিনার প্রদান করবেন। প্রথমটি তাঁর যোগদানের দুই মাসের মধ্যে এবং দ্বিতীয়টি মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পূর্বে।

খ) মেয়াদ শেষে আইবিএস ত্যাগ করার পূর্বে ফেলো তাঁর গবেষণা-পত্রের একটি সফ্‌ট কপি এবং তিনটি হার্ড কপি আইবিএস কর্তৃপক্ষের নিকট জমা দেবেন।

**৮. বাধ্যবাধকতা**

ক) পোস্ট ডক্টরাল ফেলো তাঁর গবেষণা পত্রটি গ্রন্থ আকারে প্রকাশের উপযোগী করে বাংলা অথবা ইংরেজি ভাষায় প্রস্তুত করবেন।

খ) আইবিএস-এ গবেষণাকালীন সময়ে কোন পোস্ট ডক্টরাল ফেলো আইবিএস পরিচালকের অনুমতি ব্যতিরেকে অন্য কোনো প্রতিষ্ঠানের সঙ্গে কোনো ধরনের কর্মকাণ্ডে জড়িত হতে পারবেন না।

গ) কোন পোস্ট ডক্টরাল ফেলো তাঁর গবেষণার বিষয়ে অন্য কোনো প্রতিষ্ঠান থেকে প্রবন্ধ পাঠ অথবা বক্তৃতা দানের আহ্বান পেলে, আইবিএস পরিচালকের অনুমতি ও প্রয়োজনীয় ছুটি গ্রহণ করে সেমিনারে যোগদান করতে পারবেন।

ঘ) পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে যোগদানের পরে কোনো প্রার্থী তাঁর গবেষণা-পত্র দাখিল না-করা পর্যন্ত ফেলোশিপ ত্যাগ করতে পারবেন না। তা করলে ফেলোশিপের গৃহীত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।

ঙ) দাখিলকৃত গবেষণাপত্রটি প্রকাশযোগ্য হলে আইবিএস তা প্রকাশ করবে এবং প্রকাশিত গ্রন্থের গ্রন্থস্বত্ব আইবিএস সংরক্ষণ করবে।

**৯. ছুটি**

ক) আইবিএস-এর একজন শিক্ষক যে নিয়মে ছুটি ভোগ করেন, একজন পোস্ট ডক্টরাল ফেলোও সেই নিয়ম অনুযায়ী ছুটি ভোগ করতে পারবেন। পোস্ট ডক্টরাল ফেলোর যাবতীয় ছুটি আইবিএস-এর পরিচালক মঞ্জুর করবেন।

খ) গবেষণার স্বার্থে পোস্ট ডক্টরাল ফেলো আইবিএস পরিচালকের অনুমোদনসাপেক্ষে দেশে ও বিদেশে ভ্রমণ করতে পারবেন। গবেষকের এই ভ্রমণকালকে কর্তব্য ছুটি হিসেবে বিবেচনা করা হবে।

গ) ভ্রমণের জন্য আইবিএস কোনো আর্থিক সহায়তা দেবে না।

**১০. অন্যান্য**

ক) এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে কোনো বিরোধ দেখা দিলে বাংলা ভাষায় রচিত পাঠটি অগ্রাধিকার পাবে।

খ) আইবিএস-এর ইনস্টিটিউট কমিটি এই অধ্যাদেশের আলোকে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করতে পারবে।

**পরিচালকমণ্ডলীর ১১৫-তম সভায় গঠিত অধ্যাদেশ প্রণয়ন কমিটির সদস্যদের নাম :**

| | | |
|---|---|---|
| ১. | প্রফেসর ড. মু. আবদুল কাদির ভূঁইয়া | সভাপতি |
| ২. | প্রফেসর ড. চিত্তরঞ্জন মিশ্র | সদস্য |
| ৩. | ড. স্বরোচিষ সরকার | সদস্য |
| ৪. | ড. এম. মোস্তাফা কামাল | সদস্য |
| ৫. | প্রফেসর ড. মো. মাহবুবর রহমান | সদস্য-সচিব |